

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, ডিসেম্বর ১৪, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।  
[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ : ১৭ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ/০২ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: “সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় দরিদ্র-গৃহহীন মানুষের নিজ বসতভিটায় বিশেষ আবাসন নির্মাণ” শীর্ষক পাইলট প্রকল্পটির অধীনে ক্রয়কৃত নির্মাণ সামগ্রীর উপর মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি প্রদান।

নং ৪৬/মূসক/২০২৪/৩২৮—যেহেতু, “সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় দরিদ্র-গৃহহীন মানুষের নিজ বসতভিটায় বিশেষ আবাসন নির্মাণ” শীর্ষক পাইলট প্রকল্পটি এর মাধ্যমে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় দরিদ্র-গৃহহীন মানুষের নিজ বসতভিটায় বিশেষ আবাসন নির্মাণ করা হইবে; এবং

উক্ত পাইলট প্রকল্পটি প্রাথমিকভাবে প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলের অর্থ হইতে পরিচালিত হইবে; এবং

মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীন বিশেষ আদেশ নং-১৫/মূসক/২০১৪, তারিখ: ২৮ এপ্রিল, ২০১৪ খ্রিঃ এর মাধ্যমে “আশ্রয়ণ-২” প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর “যোগানদার” হিসাবে উৎসে কর্তনযোগ্য মূসক অব্যাহতি প্রদান করা হইয়াছিল;

(২৮৯৭৭)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড “সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় দরিদ্র-গৃহহীন মানুষের নিজ বসতভিটায় বিশেষ আবাসন নির্মাণ” শীর্ষক পাইলট প্রকল্পটির অধীনে ক্রয়কৃত নির্মাণ সামগ্রীর উপর যোগানদার হিসেবে উৎসে কর্তনযোগ্য মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুন্সী  
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)।